# বোয়ালমারী পৌরসভা কার্যালয়
## বোয়ালমারী, ফরিদপুর।

প্রাপক ঃ জনাব ----------------------------------------
সদস্য, মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, বোয়ালমারী পৌরসভা।

**বিষয় ঃ "মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি" এর সভায় অংশ গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১৭ জুন ২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় বোয়ালমারী পৌরসভার কার্যালয়ের সভাকক্ষে **"মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি"** এর_সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। জেন্ডার সমতা ও সামাজিক অন্তর্ভুক্তিকরণ কর্মপরিকল্পনা সংক্রান্ত আলোচনা।
৩। নারীদের বিভিন্ন প্রশিক্ষন সংক্রান্ত আলোচনা।
৪। বিবিধ।

২৪/০৫/২৬
(জাকির হোসেন)
সভাপতি
মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ও
উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা,
বোয়ালমারী, ফরিদপুর।

CamScanner

# বোয়ালমারী পৌরসভা কার্যালয়
# বোয়ালমারী, ফরিদপুর।

## মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাঃ

**সভার তারিখ ঃ** ১৭/০৬/২০২৬ ইং, **সভার সময় ঃ** সকাল ১১.০০ ঘটিকা।

**সভার স্থান ঃ** পৌরসভার সভা কক্ষ।

**সভার সভাপতি ঃ** মোঃ জাকির হোসেন, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

১। **আলোচ্য বিষয় ঃ** জেন্ডার সমতা ও সমাজিক অন্তর্ভুক্তিকরণ কর্মপরিকল্পনা সংক্রান্ত আলোচনা।

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ** এ বিষয়ে আলোচনা শুরু হলে সভাপতি মহোদয় সকলের দৃষ্টি আকর্ষন করে বলেন, বোয়ালমারী পৌরসভায় বর্তমানে নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প চালু রয়েছে। এ প্রকল্পের একটা গুরুত্বপূর্ণ শর্ত হলো জেন্ডার সমতা ও সমাজিক অন্তর্ভুক্তিকরণ। তাই পৌরসভার উন্নয়নকল্পে এবং প্রজেক্টের শর্তানুযায়ী জেন্ডার সমতা ও সামাজিক অন্তর্ভুক্তিকরণ কর্মপরিকল্পনার বিষয়ে যে যে কাজ করার দরকার তা নিয়ম নীতি মেনে সঠিকভাবে সম্পাদন করতে হবে। এ বিষয়ে কোথাও কোন সমস্যা দেখা দিলে তাৎক্ষনিক ভাবে মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে সমাধানের চেষ্টা করার সিদ্ধান্ত গৃহিত হয়।

২। **আলোচ্য বিষয় ঃ** নারীদের বিভিন্ন প্রশিক্ষণ সম্পর্কে আলোচনা।

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ** সভাপতি এ বিষয়ে পৌরসভার গৃহীত পদক্ষেপ সম্বন্ধে জানতে চাইলে মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য-সচিব জনাব আজমিরী খাতুন বলেন, বোয়ালমারী পৌরসভায় বিভিন্ন ওয়ার্ডে অনেক পিছিয়ে পড়া নারী রয়েছে। তাদের স্বাবলম্বী করার লক্ষ্যে আমরা অক্টোবর মাসে পাটজাত পণ্যের উপর একটি প্রশিক্ষণ এর ব্যবস্থা গ্রহণ করেছিলাম। উক্ত প্রশিক্ষণে আমরা সফলতার সাথে পিছিয়ে পড়া নারীদের প্রশিক্ষণ দিয়েছি। বোয়ালমারী পৌরসভায় এখনও অনেক পিছিয়ে পড়া নারী রয়েছে। আস্তে আস্তে সবাইকে প্রশিক্ষণের আওতায় আনার ইচ্ছা রয়েছে। সদস্য-সচিবের সাথে সভাপতি মহোদয় এবং অন্যান্য সদস্যরাও একমত পোষণ করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(জাকির হোসেন)
সভাপতি
মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ও
উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা,
বোয়ালমারী, ফরিদপুর।

CamScanner

# বোয়ালমারী পৌরসভা কার্যালয়
## বোয়ালমারী, ফরিদপুর।

মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য গণের স্বাক্ষরঃ

স্থান ঃ পৌরসভার সভাকক্ষ।

তারিখ ঃ- ২৭|০৫|২০২৫খ্রিঃ

| ক্রঃনং | নাম | পরিচিতি | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | জাকির হোসেন | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর। | সভাপতি | |
| ২। | পূর্নেন্দু সাহা | উপজেলা প্রকৌশলী, বোয়ালমারী, ফরিদপুর। | সদস্য | |
| ৩। | ডাঃ মুহাম্মদ নাজমুল হাসান | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর। | সদস্য | |
| ৪। | কাজী দেলোয়ার হোসেন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর। | সদস্য | |
| ৫। | মোঃ আনোয়ার হোসেন | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর। | সদস্য | |
| ৬। | মোঃ মনিরুজ্জামান সিকদার | পৌর নির্বাহী কর্মকর্তা, বোয়ালমারী পৌরসভা। | কো-অপ্ট সদস্য | |
| ৭। | শাহানা কাকলী | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর। | কো-অপ্ট সদস্য | |
| ৮। | মোঃ ওসমান শেখ | উচ্চমান সহকারী, বোয়ালমারী পৌরসভা। | কো-অপ্ট সদস্য | |
| ৯। | মোসাঃ আজমিরী খাতুন | সমাজ উন্নয়ন কর্মকর্তা, বোয়ালমারী পৌরসভা। | সদস্য-সচিব | |



CamScanner